

তাং-০২-১০-২০২২

বরাবর

প্রধান প্রকৌশলী (পিএন্ডডি)

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লি:

বাড়ি নং-২২/এ, ৪র্থ তলা, ফারুক সরণি, নিকুঞ্জ-২

খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বিষয় : ব্র্যাক বিশ্ববিদ্যালয় নতুন ক্যাম্পাস (বাড্ডা) এর ৫০০০ কিলোওয়াট লোড ছাড়পত্রের মেয়াদ বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-ডেসকো/পিএন্ডডি/২০১৫/১২৪৯

তারিখ : ২১-০৯-২০১৫

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্লট নং-খ-২২৪, প্রগতি স্মরণী বাড্ডা, ঢাকা এর নির্মাণাধীন ব্র্যাক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ঢাকা স্থাপনার প্রস্তাবিত ১৩তলা ভবনের জন্য ৫০০০কিলোওয়াট লোড ছাড়পত্র আপনার দপ্তর থেকে নভেম্বর ২০১৮ সন পর্যন্ত প্রদান করা হয়েছিল। করোনা মহামারী সহ নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্প কাজের নির্ধারিত অগ্রগতি বজায় রাখা সম্ভব হচ্ছিলো না বিধায় প্রকল্প সম্পন্ন করতে আরো কিছু সময়ের প্রয়োজন পড়বে। যার প্রেক্ষিতে লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করা আবশ্যিক।

এমতাবস্থায়, উল্লেখিত ভবনের জন্য আগামী ৩১শে জানুয়ারী ২০২৩ পর্যন্ত বরাদ্দকৃত ৫০০০ কিলোওয়াট লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য অনুরোধ করছি।

ধন্যবাদ।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পক্ষে,



(সৈয়দ মেজবাহুল হাশেম)

প্রকল্প পরিচালক ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও

প্রধান প্রকৌশলী, ব্র্যাক

মোবাইল : ০১৭১৪০৯১৩১৪



অনুলিপি :

১। নির্বাহী পরিচালক, (প্রকৌশল/অপারেশন), ডেসকো

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

৩। প্রকল্প ব্যবস্থাপক, ব্র্যাক বিশ্ববিদ্যালয় নতুন ক্যাম্পাস

সংযুক্ত : ১। ৫০০০ কিলোওয়াট লোড ছাড়পত্রের কপি।



সেক্টর নং ২১, ২০১৫ইং

স্মারক নং-ডেসকো/পিএডডি/২০১৫/ ২২৪৭

জনাব সুশেখর কুমার সরকার

টোজারার

গ্র্যাক বিশ্ববিদ্যালয়

৬৬, মহাখালী বা/এ

ঢাকা ১২১২।

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) আবেদন নম্বর- ৫০৫ (বাড্ডা), এসই(পিএডডি)-৮৭৫, ডাং-০৯-০৬-২০১৫ইং।

(২) স্মারক নং-ডেসকো/পিএডডি/২০১৫/১১৫৭, ডাং-০২/০৯/২০১৫ইং।

(৩) ০৩/০৯/২০১৫ইং তারিখের পে-অর্ডার নং-পিবিই-১২১৭০৪৮ (আইএফআইপি-ব্যাংক লিঃ), টাকা = ১০,৭৫,০০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, প্রট-খ-২২৪, রোড-প্রসারিত সরনী, বাড্ডা, ঢাকা এর নির্মাণাধীন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ঢাকা স্থাপনার প্রস্তাবিত ভবনের জন্য ৫০০০ (পাঁচ হাজার) কিঃওঃ লোড নডেম্বর, ২০১৮ইং পর্যন্ত সরবরাহের আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হওয়াঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ মেঃউপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্রাউট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজস্ব খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (বাড্ডা) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইস গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর "মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী" এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে কারিগরী কারণে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংশ্লিষ্ট ১১কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। সংযোগ গ্রহণকালীন সময়ে ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়নযোগ্য কাজের বিল পরিশোধের শর্তে ৫০০০ কিঃওঃ লোডের ছাড়পত্র প্রদান করা হলে।
- ১২। ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য সিটি কর্পোরেশন হতে রাণ্ডা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজস্ব ব্যয়ে ও নিজস্ব খরচে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- ১৩। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১৪। শিফট ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ এর স্বাক্ষরিত MOU এর আলোকে জমি হস্তান্তর করতে হবে।
- ১৫। আবেদনকারীর স্থাপনায় ০১টি 5-Unit GIS RMU স্থাপনের জন্য ১২'x১৫' আয়তনের একটি কক্ষ প্রধান সড়কের পার্শ্বে সংযোগ গ্রহণের পূর্বেই ডেসকো'র সংশ্লিষ্ট বি ও বি বিভাগের নিকট ব্যক্ত করে সংরক্ষণ করতে হবে। উক্ত কক্ষে ডেসকো কর্তৃপক্ষের অথবা প্রবেশাধিকার নির্মিত করতে হবে।
- ১৬। উক্ত ছাড়পত্র নডেম্বর-২০১৮ইং পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

(প্রকৌঃ এ.কে.এম. মহিউদ্দিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএডডি)

এবং

প্রধান প্রকৌশলী (পিএডডি), অতিরিক্ত দায়িত্ব।

অনুলপিঃ

১। নির্বাহী পরিচালক (প্রকৌশল), ডেসকো।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএডডি অপারেশন, গুলশান জোন।

৩। বিভাগীয় প্রধান, বিওবি বিভাগ (বাড্ডা)।